JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/20/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো পোকেপসির (POUGHKEEPSIE) ওয়াকওয়ে ওভার দ্য হাডসন স্টেট হিস্টোরিক পার্কে (WALKWAY OVER THE HUDSON STATE HISTORIC PARK) 3 মিলিয়ন মার্কিন ডলার ব্যয়ে নতুন ওয়েলকাম সেন্টার চালুর ঘোষণা দিয়েছেন

সংস্কারকৃত এলিভেটরটি এখন উপরে যাওয়ার 212-ফুট রাইডের জন্য খুলে দেয়া হয়েছে

পরবর্তী উন্নয়নসমূহের মধ্যে থাকবে একটি নতুন ফ্রেন্ডস প্যাভিলিয়ন (Friends Pavilion)

নতুন ওয়েলকাম সেন্টারের ছবি এবং ভবিষ্যৎ প্যাভিলিয়নের রেন্ডারিং দেখুন এখানে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ওয়াকওয়ে ওভার দ্য হাডসন স্টেট হিস্টোরিক পার্কের পূর্ব পাশের প্রবেশপথে 3 মিলিয়ন মার্কিন ডলার ব্যয়ে ডাচেস ওয়েলকাম সেন্টার (Dutchess Welcome Center) চালুর ঘোষণা দিয়েছেন। এই বহুমুখী ফ্যাসিলিটিটি হাডসন ভ্যালির পর্যটনস্থলের 10ম বার্ষিকী উপলক্ষ্যে একটি নতুন স্বাগত জানানোর গেটওয়ে তৈরি করেছে। গভর্নর কুওমো ঘোষণা দিয়েছেন যে পরবর্তী ধাপের উন্নয়ন কাজের মধ্যে থাকবে একটি নতুন প্যাভিলিয়ন এবং পোকেপসির প্রবেশপথে সম্প্রসারিত জমায়েতস্থল।

"এই পার্কটি গত দশকে হাজার হাজার মানুষকে এর নান্দনিক দৃশ্য দেখা এবং হাডসনের উভয় পাশের দোকানপাট, রেস্টুরেন্ট ও আশেপাশের অঞ্চলের অভিজ্ঞতা লাভের জন্য আকৃষ্ট করেছে," **গভর্নর কুওমো বলেন**। "এই উন্নয়নসমূহের ফলে অভিজ্ঞতা আরো সমৃদ্ধ হবে। আপনি যদি এখনো না এসে থাকেন, এবছরই সেটা করার সময়।"

"পোকেপসির নতুন ওয়েলকাম সেন্টারটি তথ্যের এক বিশাল সম্পদ হিসেবে ভূমিকা রাখবে এবং বছরব্যাপী পোকেপসিতে ভ্রমণকারী দর্শনার্থীদের কাছে স্থানীয় পণ্য প্রদর্শন করবে," **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "ওয়াকওয়ে ওভার দ্য হাডসন স্টেট হিস্টোরিক পার্ক বর্তমানেও বিদ্যমান ট্রেইল ও সাইটগুলোর সুবিধা উপভোগের জন্য বিভিন্ন অঞ্চলের ব্যক্তি ও পরিবারবর্গকে আকৃষ্ট করে থাকে। এই ওয়েলকাম সেন্টারটি পর্যটনস্থল হিসেবে হাডসন ভ্যালির অবস্থানকে আরো সমৃদ্ধ করবে এবং অঞ্চলের অর্থনীতিকে শক্তিশালী করবে।"

ওয়াশিংটন স্ট্রিট ও পোকেপসির অর্কার্ড প্লেস উভয়স্থলে প্রবেশপথ থাকা নতুন 1,৪00 বর্গফুটের এই ওয়েলকাম সেন্টারটিতে বাথরুম, বাইক র‍্যাক, দর্শনার্থীদের জন্য তথ্য, বসার ব্যবস্থাসহ আউটডোর প্যাশিও এবং কুকুর-বান্ধব একটি পানির ঝর্ণা রয়েছে।

বর্তমানে নকশায় থাকা পরবর্তী ধাপের উন্নয়ন কাজের মধ্যে রয়েছে পোকেপসিতে একটি ওয়াশিংটন স্ট্রিট অ্যারাইভাল প্লাজা যার মধ্যে রয়েছে হাডসন ফ্রেন্ডস (Hudson Friends) গ্রুপের জন্য তথ্য, স্যুভেনির বিক্রি ও ভেন্ডিং মেশিনের জন্য ব্যবহৃত একটি প্যাভিলিয়ন এবং সেই সাথে বেঞ্চ, পুনর্নির্মিত সিড়ি এবং এর নতুন রোপণকৃত গাছে পানি দেয়ার জন্য রেইনওয়াটার সিস্টার্ন।

পূর্বপাশের উন্নয়নসমূহ অর্থায়ন করা হচ্ছে স্টেট পার্ক সিস্টেম পুনরুজ্জীবিত করার উদ্দেশ্যে গভর্নর কুওমোর নিউ ইয়র্ক পার্কস 2020 প্রকল্পের মাধ্যমে এবং অংশীদার হিসেবে রয়েছে অলাভজনক ওয়াকওয়ে ওভার দ্য হাডসন ফ্রেন্ডস (Walkway over the Hudson Friends) দল যেটি পার্কটির সহায়তার জন্য অনুদান সংগ্রহের কাজ করে থাকে।

"গভর্নর কুওমোর সহায়তা ও পার্কের জন্য তার সামগ্রিক ভিশনের কল্যাণে ওয়াকওয়ের এই উন্নয়নগুলো এখন আরো বেশি মানুষকে এই চমৎকার স্থানটি ভ্রমণে উৎসাহিত করবে, সেইসাথে অভিজ্ঞতা উপভোগ, স্থানটির ইতিহাস উপলব্ধি করা এবং এখানে আসার পর নিজেদের পথ খুঁজে পেতে সাহায্য করবে," **বলেছেন নিউ ইয়র্ক স্টেট পার্কস, রিক্রিয়েশন এন্ড হিস্টোরিক প্রিজারভেশনের (New York State Parks, Recreation and Historic Preservation) কমিশনার এরিক কুলেসেইড।**

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট-এর প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা ও কমিশনার হাওয়ার্ড জেমস্কি বলেন, "ওয়াকওয়ে ওভার দ্য হাডসনে নতুন ডাচেস ওয়েলকাম সেন্টার একটি বিখ্যাত হাডসন ভ্যালি আকর্ষণের সাথে এক দারুণ সংযোজন যা অঞ্চলটি ভ্রমণে আরো দর্শনার্থীদের আকৃষ্ট করবে এবং স্থানীয় ব্যবসাগুলোর সহায়তা করবে।"

"ফ্রেন্ডস অব দ্য ওয়াকওয়ে (Friends of the Walkway) গভর্নর কুওমো ও নিউ ইয়র্ক স্টেট অফিস অব পার্কস, রিক্রিয়েশন এন্ড হিস্টোরিক প্রিজারভেশন (New York State Office of Parks, Recreation and Historic Preservation) এর সাথে ওয়াকওয়ে ওভার দ্য হাডসনের এই নতুন সুবিধাসমূহ উদযাপনের জন্য মিলিত হয়েছে," **বলেছেন ওয়াকওয়ে ওভার দ্য হাডসনের নির্বাহী পরিচালক এলিজাবেথ ওয়াল্ডস্টেইন।** "গত এক দশকে আমাদের ফলপ্রসূ অংশীদারিত্ব দুটি ওয়েলকাম সেন্টার, প্যাভিলিয়ন, কমিউনিটি স্পেস, ইন্টারপ্রিটিভ সাইনেজ এবং আরো অনেক কিছু অর্জন এবং সেই সাথে দেশের অন্যতম সর্বাধিক সহজগম্য পার্ক হয়ে উঠতে ভূমিকা রেখেছে।"

সেনেটর সু সেরিনো বলেন, "ওয়াকওয়েটি হাডসন ভ্যালির একটি প্রকৃত সম্পদ যা প্রতি বছর হাজারো স্থানীয় বাসিন্দা ও দর্শনার্থীদের আকৃষ্ট করে থাকে যারা আবার সরাসরি আমাদের স্থানীয় অর্থনীতিতে অবদান রাখছেন। এই উন্নয়নসমূহ পার্কের সহজগম্যতা বৃদ্ধির ক্ষেত্রে আরো সুদূরপ্রসারী ভূমিকা রাখবে এবং আমাদের কমিউনিটির অন্যতম সর্বোচ্চ সুন্দর আকর্ষণে আসা দর্শনার্থীদের তাদের সময়ের সর্বোচ্চ ব্যবহার করতে সাহায্য করবে। আমাদের স্থানীয় এলাকায় নিউ ইয়র্কের সর্বাধিক চিত্তাকর্ষক কিছু পার্কের অবস্থান এবং আমরা আমাদের কমিউনিটির এমন গুরুত্বপূর্ণ একটি অংশে অব্যাহত বিনিয়োগের গুরুত্ব অনুধাবন করায় গভর্নর ও কমিশনার কুলেসেইডকে ধন্যবাদ জানাই।"

অ্যাসেমব্লী সদস্য ডিডি ব্যারেট বলেছেন, "গত 10 বছরব্যাপী ওয়াকওয়েটি হাডসন ভ্যালির এক অন্যতম আকর্ষণ হয়ে আছে যা দর্শনার্থী ও স্থানীয়দের আমাদের অঞ্চলের বিখ্যাত প্রাকৃতিক সৌন্দর্য্য উপভোগের সুযোগ করে দিয়েছে। নতুন ডাচেস ওয়েলকাম সেন্টার এই অভিজ্ঞতাকে আরো সমৃদ্ধ করবে এবং নতুনভাবে দৃশ্য উপভোগে উৎসাহিত করবে - বাইক ভাড়া নিয়ে বা প্রিয় শ্বাদন্ত সংগীকে সাথে নিয়ে।"

নতুন "এনার্জি চেইন" প্রযুক্তি ব্যবহার করে একটি কাঁচে-ঢাকা এলিভেটর পুনর্নির্মিত হয়েছে যা দর্শনার্থীদের ওয়াকওয়ের চূড়ায় 212-ফুট, 21-তলা উঁচুতে এক নাটকীয় ভ্রমণে নিয়ে যায়, যে প্রযুক্তি ইউনিটটি প্রথমবার স্থাপনের সময় উপলব্ধ ছিল না।

এই ফিচারটি কার্যকরি নির্ভরযোগ্যতা বৃদ্ধি করবে এবং বসন্তের সময় এলিভেটরটি আগে আগে খুলে দিয়ে শরৎকালের শেষ পর্যন্ত চালু রাখতে সক্ষম করবে বলে আশা করা হচ্ছে। এলিভেটরটি মেট্রো নর্থ (Metro North) ট্রেন স্টেশন থেকে অল্প সময়ের হাঁটা দূরত্বে আপার ল্যান্ডিং পার্কে (Upper Landing Park) পোকেপসির ওয়াটারফ্রন্টে অবস্থিত।

2009 সালে বহু দশক ধরে অবহেলায় পরে থাকা পোকেপসি-হাইল্যান্ড রেলপথের জন্য নির্মিত অব্যবহৃত রেলপথ সেতু ওয়াকওয়ে স্টেট পার্ক হিসেবে চালু করা হয়।

হাডসন ভ্যালি ও সেটি ছাড়িয়ে যাওয়া নান্দনিক দৃশ্য উপভোগের সুযোগের কারণে 1.28 মাইল পরিসরের স্থানটি একটি প্রধান পর্যটনস্থল হয়ে উঠে, বর্তমানে যা বার্ষিক প্রায় 600,000 পর্যটকদের আকৃষ্ট করে চলেছে।

গত বছর ফ্রেন্ডস দলের এক গবেষণা নিশ্চিত করে যে ওয়াকওয়ের পর্যটনস্থলে পরিনত হওয়া স্থানীয় অর্থনীতিকে সমৃদ্ধ করছে, আগত ও ফেরত যাওয়া দর্শনার্থীদের কেনাকাটা করা ও রেস্টুরেন্টে খাওয়া দাওয়া করার কারণে। ওয়াকওয়েটি চালু হওয়ার পর থেকে পাঁচ মিলিয়নের বেশি সংখ্যক মানুষ এটি ভ্রমণ করেছেন।

এই গ্রীষ্মে ওয়াকওয়ের নিচে আপার ল্যান্ডিং পার্ক, 83 নর্থ ওয়াটার স্ট্রিট, পোকেপসিতে বিনামূল্যে পারিবারিক চলচিত্র প্রদর্শন করা হবে। চলচ্চিত্রগুলোর মধ্যে রয়েছে ম্যারি পপিনস রিটার্নস (জুন 29), স্পাইডারম্যান: ইনটু দ্য স্পাইডারভার্স (জুলাই 6), হাউ টু ট্রেইন ইয়োর ড্রাগন 3 (জুলাই 20), শ্যাযাম! (জুলাই 27) এবং ক্যাপ্টেন মার্ভেল (আগস্ট 10)। অনুষ্ঠান শুরু হবে সন্ধ্যা 7 টায়, চলচ্চিত্র শুরু হবে সূর্যাস্তের সময়।

ওয়াকওয়ে ইভেন্টগুলোর সম্পূর্ণ তালিকার জন্য, এখানে ক্লিক করুন।

পোকেপসিতে ওয়াকওয়েটি ডাচেস রেল ট্রেইল (Dutchess Rail Trail), সাবেক হোপওয়েল জাংশন ট্রেন ডিপো থেকে একটি 13-মাইল দীর্ঘ বহুমুখী ব্যবহারের ট্রেইল, এর সাথেও সংযোগ সৃষ্টি করেছে। এই ট্রেইলটি প্রস্তাবিত এম্পায়ার স্টেট ট্রেইল (Empire State Trail) এর অংশ যাতে

ম্যানহাটন থেকে লেক চ্যাম্পলেইনের উত্তরের প্রান্ত পর্যন্ত এবং আলবানি থেকে বাফেলো পর্যন্ত বহুমুখী ব্যবহারের ট্রেইলের ধারণা দেয়া হয়েছে।

পার্কটির উন্নতিবিধান স্টেটের পার্ক সিস্টেমের পুনরুজ্জীবনের জন্য গভর্নর কুওমোর প্রতিশ্রুতিকে প্রতিফলিত করে। গভর্নরের নিউ ইয়র্ক পার্কস 2020 কর্মসূচিটি পার্কের উন্নয়নে বিনিয়োগ করার একটি বহু-বার্ষিক অঙ্গীকারবদ্ধতা। অর্থ বছর (Fiscal Year, FY) 2020 এর স্টেট বাজেট এই উদ্যোগের জন্য 110 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ করেছে।

স্টেট পার্কস প্রায় 250 টির বেশি পার্ক, ঐতিহাসিক স্থান, বিনোদনমূলক ট্রেইল, গলফ কোর্স, বোট লঞ্চের স্থান এবং আরো অনেক কিছুর দেখভাল করে থাকে যেগুলো গত বছর রেকর্ডসংখ্যক 74 মিলিয়ন মানুষ ভ্রমণ করেছেন। এই বিনোদন এলাকাগুলোর যেকোনোটি সংক্রান্ত আরো তথ্যের জন্য কল করুন 518-474-0456 নম্বরে অথবা ভিজিট করুন www.parks.ny.gov, আমাদের সাথে সংযুক্ত হোন Facebook, অথবা আমাদের ফলো করুন Instagram এবং Twitter এ।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন